

UG 5th Semester Examination 2021

Bengali (Honours)

Paper Code : DSE 1A or 1B or 1C

[CBCS]

Time : Two hours

Full Marks : 32

যে কোনো একটি গুচ্ছের সব প্রশ্নের উত্তর লিখতে হবে।

দক্ষিণ পাশ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

1A (গুচ্ছ - ক) ছোটগল্প

- ১। রবীন্দ্রনাথ ঠাকুরের ‘ত্যাগ’ গল্পে যে সমাজমনস্কতার পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় আলোচনা করো। ৮
অথবা
রবীন্দ্রনাথ ঠাকুরের ‘মধ্যবর্তিনী’ গল্পে মনোজগতের যে জটিলতা ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো। ৮
- ২। ‘বিচারক’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ৮
অথবা
‘হৈমন্তী’ গল্পে নারীর আত্মাভিমান কীভাবে প্রকাশ পেয়েছে তা আলোচনা করে দেখাও। ৮
- ৩। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘তারিণী মাঝি’ গল্পে মানবিকতাকে ছাপিয়ে আত্মরক্ষার জৈব প্রবৃত্তি কীভাবে জয়ী হয়েছে তা দেখাও। ৮
অথবা
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘মেঘমল্লার’ গল্পে শিল্পকলার সৌন্দর্যের প্রতি মানুষের শাস্ত্রত অভিযান কীভাবে মূর্ত হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো। ৮
- ৪। তারাশঙ্করের ‘নারী ও নাগিনী’ গল্পে বাস্তবতার যে ছবি ফুটে উঠেছে তা গল্পের শিল্পরূপকে কীভাবে প্রভাবিত করেছে, আলোচনা করো। ৮
অথবা
রাজনৈতিক গল্প হিসেবে মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘হারাণের নাতজামাই’ কতটা শিল্পসফল তা আলোচনা করো। ৮

1B (গুচ্ছ - খ) : প্রবন্ধ (প্রথম পর্যায়)

- ১। ‘বিড়াল’ প্রবন্ধের অন্তর্নিহিত সমাজতত্ত্বের বঙ্কিমী ভাষ্যকে নিজের ভাষায় আলোচনা করো। ৮
অথবা
‘বসন্তের কোকিল’ রচনায় তত্ত্ব ও দার্শনিক জিজ্ঞাসার পরিবর্তে হৃদয়ানুভূতি ও গীতরসের মাধুর্য প্রবল – ব্যাখ্যা করো। ৮
- ২। “কমলাকান্ত চরিত্রটি বঙ্কিমচন্দ্রের এক অবিস্মরণীয় সৃষ্টি” – ‘কমলাকান্তের দপ্তর’ অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ৮
অথবা
‘একা’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের জীবনদর্শনের পরিচয় দাও। ৮
- ৩। “ইতিহাস কাহিনিকার নয়, ইতিহাস উপদেষ্টা” – ‘ইতিহাসের মুক্তি’ প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। ৮
অথবা
“সৌন্দর্য এবং শিল্পের অসম্পূর্ণতাই তার শাস্ত্রত আকর্ষণ।” – ‘সৌন্দর্যের সন্ধান’ প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ৮
- ৪। অন্নদাশঙ্কর রায় ‘যে দেশে বহু ধর্ম বহু ভাষা’ প্রবন্ধে ভারতের ভাষা সমস্যার সমাধান ও সংহতি বিধানে যে পথনির্দেশ করেছেন তা সংক্ষেপে আলোচনা করো। ৮
অথবা
সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের ‘ইতিহাস ও সংস্কৃতি’ প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো। ৮

1C (গুচ্ছ - গ) : কবিতা

- ১। ‘বীরঙ্গনা’ পত্রকাব্য হিসেবে কতখানি সার্থক হয়েছে, নিজের ভাষায় লেখো। ৮
অথবা
‘সোমের প্রতি তারা’ কবিতায় সামাজিক সম্পর্ক অস্বীকারের যে দুঃসাহস দেখা যায় তার সাহিত্যমূল্য বিচার করো। ৮
- ২। ‘বীরঙ্গনা’ কাব্যের নায়িকারা কোন অর্থে বীরঙ্গনা? – আলোচনা করো। ৮
অথবা
‘নীলধ্বজের প্রতি জনা’ কবিতার জনা চরিত্রটি বিশ্লেষণ করো। ৮

৩। যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতায় দুঃখ-প্রসঙ্গ স্থান পেলেও তাকে কতখানি দুঃখবাদী কবি বলা সঙ্গত তা নিজের ভাষায় লেখো। ৮

অথবা

‘কচিডাব’ কবিতায় দেবতা শিবের মানবায়ন কীভাবে ঘটেছে তা বিশ্লেষণ করো। ৮

৪। যতীন্দ্রনাথের কাব্যদর্শন রবীন্দ্রনাথ থেকে কোথায় স্বাতন্ত্র্য লাভ করেছে তা পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো। ৮

অথবা

‘বাইশে শ্রাবণ’ কবিতায় একটি প্রয়োগকে কেন্দ্র করে জগতব্যাপী শোকের প্রকাশ কীভাবে উদ্বেল হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো। ৮
